ভোরের কাগজ

660

তারিখ AUG. 3 1 1999

পৃষ্ঠা কলাম



সভাপতি



মহাসচিব

বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন

# আবদুল আউয়াল খান সভাপতি ও জালালউদ্দিন মহাসচিব নির্বাচিত

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের বার্ষিক নির্বাচনে মুক্তিযুদ্ধের পক্ষের শিক্ষকরা সাতটি পদের সবকটিতে বিজয়ী হয়েছেন। গত শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাব ভবনে এই নির্বাচন অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আবদুল আউয়াল খান এবং রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মোঃ জালালউদ্দিন যথাক্রমে ফেডারেশনের নতুন সভাপতি ও মহাসচিব নির্বাচিত হয়েছেন।

মুক্তিযুদ্ধের পক্ষের প্যানেল থেকে তিনটি সহসভাপতি পদে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক মনজুর মোরশেদ মাহমুদ, সিলেট শাহজালাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক জয়নাল আবেদীন ও ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সহসভাপতি অধ্যাপক মেসবাহউদ্দিন আহমেদ নির্বাচিত হন।

কোষাধ্যক্ষ পদে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কোষাধ্যক্ষ অধ্যাপক মোহাম্মদ নুরুল আলম, যুগ্ম মহাসচিব পদে শা.বি. শিক্ষক সমিতির ড. মোঃ ইলিয়াসউদ্দীন বিশ্বাস নির্বাচিত হয়েছেন। বিজ্ঞপ্তি।